গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, রোববার ২২ ফেব্রুয়ারি ২০১৫, ১০ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সহিংসতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ ও সোচ্চার হোন : প্রধানমন্ত্রী

২। তিস্তা চুক্তির বাধা দূর হচ্ছে : প্রধানমন্ত্রীর সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর আলোচনা

৩। বাংলাদেশের উন্নয়নের স্বার্থে গণতন্ত্র ও শান্তি অব্যাহত থাকবে
: যুক্তরাজ্যের স্পিকার ডি' সুজার আশাবাদ

৪। দক্ষিণ এশিয়ার বাণিজ্যিক দরজা হতে পারে বাংলাদেশ : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী

৫। বিনম্র শ্রদ্ধা-ভালোবাসায় ভাষা শহীদদের স্মরণ

৬। ভারতে সোয়াইন ফ্লুর বিস্তার বাংলাদেশে আতঙ্ক ছড়াচ্ছে

৭। দেশীয় পোল্ট্রির বার্ষিক প্রবৃদ্ধি ১৬ শতাংশ

৮। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দুই বাংলার মানুষের মিলনমেলা বেনাপোল সীমান্তে

৯। হরতাল অবরোধে যন্ত্রপাতি আমদানি অর্ধেকে নেমেছে

চলমান পাতা/২

১। সহিংসতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ ও সোচ্চার হোন : প্রধানমন্ত্রী

চলমান সঙ্কটময় পরিস্থিতি থেকে উত্তরণে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে সহিংসতার বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট আয়োজিত এক আলোচনা সভায় প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এ আলোচনা সভার আয়োজন করা হয়। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)।

২। তিস্তা চুক্তির বাধা দূর হচ্ছে : প্রধানমন্ত্রীর সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর আলোচনা

ঢাকায় সফররত ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাদেশের সঙ্গে তিস্তার পানিবন্টন ইস্যু সমস্যার সমাধানে তাঁর রাজ্য সরকার ইতিবাচক ভূমিকা রাখবে বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আশ্বস্ত করেছেন। তিনি বলেন, আমরা বাংলাদেশকে ভালোবাসি এবং দেশটির স্বার্থ রক্ষায় গুরুত্ব দেওয়ার চেষ্টা করি। এটি আমাদেরও দেশ, অতএব পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উভয়ের স্বার্থ রক্ষা করে যথাশীঘ্র সম্ভব আমরা তিস্তার পানিবণ্টন সমস্যার সমাধানে ইতিবাচক ভূমিকা রাখব। গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে এসব কথা বলেন। সূত্র-সংবাদ, প্রথম আলো, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান  এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। বাংলাদেশের উন্নয়নের স্বার্থে গণতন্ত্র ও শান্তি অব্যাহত থাকবে : যুক্তরাজ্যের স্পিকার ডি' সুজার আশাবাদ

যুক্তরাজ্যের হাউস অফ লর্ডসের সফররত স্পিকার ব্যারোনেস ডি' সুজা বাংলাদেশের আরও উন্নয়ন ও সমৃদ্ধির জন্য গণতন্ত্র ও শান্তি অব্যাহত থাকবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন। তিনি বলেন, আমি আশা করি বাংলাদেশ তার লক্ষ্য অনুযায়ী ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে পরিণত হবে। গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন গণভবনে তাঁর সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎ করতে এসে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.২,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (পৃ.২,ক.৪)।

৪। দক্ষিণ এশিয়ার বাণিজ্যিক দরজা হতে পারে বাংলাদেশ : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী

বাংলাদেশ ও ভারতের ব্যবসা-বাণিজ্যের সমস্যা দূর করতে 'ইন্দো-বাংলা' যৌথ কমিটি গঠনের প্রস্তাব দিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । ওই কমিটিতে ব্যবসায়ী, সুশীল সমাজ, বিশেষজ্ঞ ও সরকারের প্রতিনিধি থাকবেন। এ ক্ষেত্রে সহযোগিতা চাইলেন বাংলাদেশের বাণিজ্যমন্ত্রীর। গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর সোনারগাঁও হোটেলে বাংলাদেশ ও ভারত ব্যবসায়ীদের বিশেষ সেমিনারে এ আহ্বান জানান পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)।

৫। বিনম্র শ্রদ্ধা-ভালোবাসায় ভাষা শহীদদের স্মরণ

বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় ভাষা শহীদদের স্মরণ করলো গোটা জাতি। দীর্ঘলাইন, হাতে হাতে ফুল, মুখে গান, মনে দীপ্ত শপথ। ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে এসে তাদের আত্মত্যাগের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার দীপ্ত প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে তরুণরা। একই সঙ্গে রক্তের বিনিময়ে অর্জিত বাংলা ভাষা সর্বস্তরে প্রচলনেরও দাবি জানানো হয়েছে শহীদ মিনার থেকে। গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার দিবাগত মধ্যরাত থেকেই লাখো মানুষের ঢল নামে শহীদ মিনারে। তাদের প্রতি নিবেদিত ফুলে ফুলে ভরে উঠে কেন্দ্রীয় শহীদ মিনারসহ দেশের সকল শহীদ মিনার। একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৪)। জনকণ্ঠ, সমকাল এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ভারতে সোয়াইন ফ্লুর বিস্তার বাংলাদেশে আতঙ্ক ছড়াচ্ছে

ভারতে সংক্রমিত সোয়াইন ফ্লু বাংলাদেশের জন্যও হুমকি। স্থল ও বিমানবন্দরসহ বিভিন্ন পথে ভারত থেকে বাংলাদেশে প্রবেশকারীদের স্বাস্থ্য পরীক্ষার কোনো ব্যবস্থা নেই।  অথচ প্রতিদিন  বৈধ ও অবৈধ পথে ভারত থেকে বাংলাদেশে শত শত মানুষের আগমন ঘটে। সোয়াইন ফ্লু ভাইরাসে ভারতে  মৃত্যের সংখ্যা ৭শ' ছাড়িয়ে গেছে। আক্রান্তর সংখ্যা দাঁড়িয়েছে ১১ হাজারে। তবে সোয়াইন ফ্লু প্রতিরোধে আগাম সতর্কতামূলক পদক্ষেপসহ জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। কার্যকর সতর্কতামূলক পদক্ষেপ গড়ে তোলা না হলে বাংলাদেশেও সোয়াইন ফ্লু বিস্তার সময়ের ব্যাপার বলে মনে করছেন বিশেষজ্ঞরা। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৫)।

৭। দেশীয় পোল্ট্রির বার্ষিক প্রবৃদ্ধি ১৬ শতাংশ

দেশের পোল্ট্রি খাতের বার্ষিক প্রবৃদ্ধি প্রায় ১৬ শতাংশ। এ প্রবৃদ্ধি ১৮থেকে ২০ শতাংশে উন্নীত করতে পারলে আগামী ২০৩০ সাল নাগাদ মাংসের উৎপাদনে মুরগির মাংস শীর্ষে থাকবে। দেশের প্রাণীজ আমিষের চাহিদা

মটিয়ে বিদেশেও রপ্তানি শুরু করা যাবে। গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক পোল্ট্রি প্রদর্শনী ও সেমিনারের সমাপনী অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.২), সংবাদ (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.৫,ক.৩), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩)।

৮। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দুই বাংলার মানুষের মিলনমেলা বেনাপোল সীমান্তে

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দুই বাংলার হাজারো ভাষাপ্রেমী মানুষ মিলেমিশে একাকার হয়ে গেছে বেনাপোল চেকপোস্ট নোম্যান্সল্যান্ড এলাকায়। ভৌগোলিক সীমারেখা ভুলে শুধু ভাষার টানে গতকাল ২১ ফেব্রুয়ারি শনিবার সীমান্তের কাঁটাতারের বেড়া উপেক্ষা করেই কার্যত দলে দলে মানুষ সীমান্তে দু'পাড়ে দু'দেশের সরকারের উদ্যোগে আয়োজিত ভাষা অনুষ্ঠানে যোগ দেন। ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধায় মাথা নত করতে বাংলাদেশের বাঙালিদের সঙ্গে মিলিত হয়েছিলেন পশ্চিমবঙ্গের বাঙালিরাও। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.১৩,ক.৪)।

৯। হরতাল অবরোধে যন্ত্রপাতি আমদানি অর্ধেকে নেমেছে

দেশে চলমান অবরোধ, হরতার, রাজনৈতিক অনিশ্চয়তা এবং চাহিদানুসারে গ্যাস-বিদ্যুৎ না পাওয়ায় শিল্প-কলকারখানায় বিনিয়োগ করছে না শিল্প উদ্যোক্তরা। গত ডিসেম্বরের তুলনায় চলতি বছরের জানুয়ারিতে শিল্প মেশিনারিজ পণ্য আমদানির পরিমাণ ৫৪ দশমিক ১৭ শতাংশ কমেছে। সংশ্লিষ্টরা জানিয়েছেন, রাজনৈতিক অস্থিরতার কারণে দেশের ব্যবসা-বাণিজ্যে স্থবিরতা দেখা গেছে। পণ্য বাজারজাতকরণের ও ব্যবসাবান্ধব পরিবেশ না থাকায় শিল্প মেশিনারিজ আমদানি করছেন না শিল্প উদ্যোক্তারা। অনেক প্রতিষ্ঠানে কর্মী ছাঁটাই চলছে। এভাবে চলতে থাকলে অর্থনীতিতে দীর্ঘ সময়ের জন্য নেতিবাচক প্রভাব পড়বে। সূত্র-যায়যায়দিন (পৃ.৫, ক.৩), বাংলাদেশ প্রতিদিন (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি স্টার : দেশের স্বার্থে হরতাল-অবরোধ বন্ধ করতে বিরোধী পক্ষের প্রতি আহ্বান;

খ. ইত্তেফাক : পার্শ্ববর্তী দেশ ভারতে সোয়াইন ফ্লু ছড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে দেশে জনসচেতনতামূলক কর্মসূচির মধ্য দিয়ে সোয়াইন ফ্লু প্রতিরোধ করার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : ব্রহ্মপুত্র নদীর তীর দখল করে অবৈধভাবে জাহাজ নির্মাণ কারখানা গড়ে উঠায় নদী প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে উল্লেখ করে নদী বাঁচাতে দ্রুত পদেক্ষপ গ্রহণের আহ্বান;

ঘ. সংবাদ : পোশাক শিল্পে সাব কন্ট্রাক্টিং করা কারখানাগুলোর শ্রমিক নিরাপত্তার প্রশ্নটি বিবেচনায় নেওয়ার পরামর্শ;

ঙ. সমকাল : মহান একুশে ফেব্রুয়ারি সামনে রেখে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাদেশ সফর দেশের সাথে সম্পর্কোন্নয়নে আরও অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত;

চ. ইন্ডিপেনডেন্ট : আদিবাসী সম্প্রদায়ের মাতৃভাষা সংরক্ষণ ও চালু রাখার ব্যবস্থা করা না হলে একুশের চেতনা বাস্তবায়ন অসম্পূর্ণ রয়ে যাবে বলে অভিমত;

ছ. ইন্ডিপেনডেন্ট : পাবনার শাহজাদপুরে সরকারি ভূমি ও সম্পত্তি দখল করে বহুতল ভবন নির্মাণের ঘটনার উল্লেখ করে দেশের সব অবৈধ দখলকৃত ভূমি উদ্ধারে কর্তৃপক্ষকে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : বিদ্যমান রাজনৈতিক অচলাবস্থা নিরসনে দুই নেত্রীর প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী জন কেরির আহ্বানের বিষয় রাজনৈতিক দলগুলোকে বিবেচনায় নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে গণতান্ত্রিক অধিকার ভোগ করতে হলে রাজনৈতিক দলগুলির গণতান্ত্রিক আচরণ করা উচিত বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'তবে চাষি বাঁচবে কেমন করে' শিরোনামের নিবন্ধে প্রফেসর মো. শাদাত উল্লা কৃষকের কথা বিবেচনা করে শীঘ্রই আইনের মাধ্যমে কৃষি পণ্যকে হরতাল-অবরোধের আওতামুক্ত রাখতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা